দৈনিক
জনকণ্ঠ

তারিখ 01 JAN 20 3
পৃষ্ঠা 2 কলাম 8

প্রধানমন্ত্রী সম্পর্কে কটূক্তির অভিযোগ– ঢাবির শিক্ষককে বাধ্যতামূলক ছুটিতে প্রেরণ

জনকণ্ঠ রিপোর্ট ॥ ক্লাস লেকচারে প্রধানমন্ত্রী সম্পর্কে কটূক্তির অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের এক প্রভাষককে এক মাসের বাধ্যতামূলক ছুটি দেয়া হয়েছে। এ ছাড়া ঘটনা তদন্তে পাঁচ সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তবে এ ব্যাপারে অভিযুক্ত শিক্ষক মোঃ শফিকুর রহমান জানান, রোমান আইনের দাসত্বের কারণ পড়াতে গিয়ে যুদ্ধকালীন সময়ে মা-বোনদের ইজ্জত সম্পর্কে বলেছি। প্রধানমন্ত্রী সম্পর্কে কেবল বলেছি, তিনিও মুক্তিযুদ্ধের সময় পাক-হানাদার বাহিনীর হাতে বন্দী ছিলেন– এর বাইরে কিছুই বলিনি। এক ছাত্র এ বিষয়ে কথা বলেছে। তিনি জানান, বিভাগের দুই শিক্ষক ছাত্রদের আমার বিরুদ্ধে লাগিয়ে এসব করাচ্ছেন।

জানা গেছে, বুধবার প্রভাষক শফিকুর রহমান দ্বিতীয় বর্ষের এক ক্লাসে রোমান আইন পড়াতে গিয়ে মুক্তিযুদ্ধের নানা নির্যাতনের কথা বলেন। তিনি প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াও সেদিন বন্দী ছিলেন– এসব কথা বলেন। বিষয়টিকে কেউ কেউ প্রধানমন্ত্রী সম্পর্কে কটূক্তি হয়েছে বলে কর্তৃপক্ষের কাছে অভিযোগ করেন। কর্তৃপক্ষও তাড়াহুড়ি করে উক্ত শিক্ষককে এক মাসের বাধ্যতামূলক ছুটি দিয়ে দেয়। এ ছাড়া প্রোউপাচার্য অধ্যাপক আফম ইউসুফ হায়দারকে আহ্বায়ক করে পাঁচ সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়। কমিটিকে আগামী তিন সপ্তাহের মধ্যে রিপোর্ট দিতে হবে।

প্রসঙ্গত গত ২৪ ডিসেম্বর ছাত্রদলের কয়েক ক্যাডার তাঁর ওপর এবং তাঁর রুমে হামলা চালায়। এই ঘটনায় উক্ত শিক্ষক উপাচার্যের কাছে লিখিত অভিযোগ করেন।